

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা  
(বিচার শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

বিজ্ঞপ্তি নং- জে- ০১/২০১৯

তারিখঃ ০২ ফাল্গুন, ১৪২৫ বঙ্গাব্দ  
১৪ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ GIZ -এর রূল অফ ল প্রোগ্রামের (RoL) আওতাভুক্ত ২৮ টি জেলার পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্সে রূল অফ ল এর প্রতিনিধিকে অংশগ্রহণের সুযোগ প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, GIZ বাংলাদেশ সরকারকে কতিপয় ক্ষেত্রে কৌশলগত সহযোগিতা করে থাকে। আইনি প্রক্রিয়ায় দেশের মামলাজট হাস এবং কারাগারগুলোতে কয়েদি আধিক্য নিরসনের জন্য GIZ ইতোমধ্যে দেশের ২৮ টি জেলায় (ঢাকা, ময়মনসিংহ, রংপুর, বগুড়া, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, পটুয়াখালী, যশোর, ফরিদপুর, খুলনা, কুষ্টিয়া, গাজীপুর, নওগাঁ, সিলেট, সুনামগঞ্জ, চাঁদপুর, নরসিংডী, ঝিনাইদহ, মানিকগঞ্জ, মৌলভীবাজার, ব্রান্�শনবাড়িয়া, মাদারীপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও ও গাইবান্ধা) রূল অফ ল প্রোগ্রামের (RoL) মাধ্যমে কাজ করে যাচ্ছে। জেলা পর্যায়ে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স মামলা ব্যবস্থাপনার সাথে সম্পৃক্ত প্রতিষ্ঠানসমূহের মধ্যে সমন্বয় সাধন করে ফৌজদারী মামলার তদন্ত ও বিচার কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে কাজ করে থাকে। ফলশ্রুতিতে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স মামলা জট নিরসন ও কয়েদি আধিক্য নিরসনেও ভূমিকা রাখছে। GIZ মামলা ব্যবস্থাপনার ক্ষেত্রে তাঁদের দীর্ঘদিনের অভিজ্ঞতা এবং গভীর পর্যবেক্ষণকে কাজে লাগিয়ে রূল অফ ল প্রোগ্রামের (RoL) প্রকল্পভুক্ত জেলাগুলোতে যে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্স অনুষ্ঠিত হয়, সে সব কনফারেন্সে অংশগ্রহণের মাধ্যমে পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্সের লক্ষ্য ও উদ্দেশ্য বাস্তবায়নে নিবিড়ভাবে কাজ করতে আগ্রহ জানিয়েছে এবং এ লক্ষ্যে প্রকল্পভুক্ত ২৮ টি জেলার বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেটগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য অত্র কোর্টকে অনুরোধ করেছে।

০২। ক্রিমিনাল রূলস এন্ড অর্ডারস (Cr RO) ২০০৯ এর সংশ্লিষ্ট বিধি এবং অত্র কোর্ট কর্তৃক বিগত ০৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দে জারীকৃত বিজ্ঞপ্তি নং-০৩/২০১৭ এ পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্সে কোন কোন প্রতিষ্ঠান অংশগ্রহণ করবে এবং কী প্রক্রিয়ায় কনফারেন্স অনুষ্ঠিত হবে সে সম্পর্কে সুনির্দিষ্ট দিক নির্দেশনা রয়েছে।

০৩। এমতাবস্থায়, GIZ প্রকল্পভুক্ত ২৮টি জেলার রূল অফ ল প্রোগ্রামের (RoL) স্থানীয় উপযুক্ত প্রতিনিধিকে উক্ত প্রকল্পভুক্ত জেলাসমূহে অত্র বিজ্ঞপ্তি জারীর তারিখের পর হতে অনুষ্ঠিতব্য স্ব-স্ব পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্সে অংশগ্রহণের সুযোগ প্রদান করে ক্রিমিনাল রূলস এন্ড অর্ডারস (Cr RO) ২০০৯ এর সংশ্লিষ্ট বিধি এবং অত্র কোর্ট কর্তৃক বিগত ০৭ মে, ২০১৭ খ্রিস্টাব্দে জারীকৃত বিজ্ঞপ্তি নং-০৩/২০১৭ অনুসরণ পূর্বক পুলিশ-ম্যাজিস্ট্রেসি কনফারেন্সের সাথে রূল অফ ল প্রোগ্রামকে (RoL) নিবিড়ভাবে কাজ করার সুযোগ প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

আদেশক্রমে

স্বা/-

(মোহাম্মদ আকতারুজ্জামান ভুঁইয়া)


ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন ও বিচার)

ফোনঃ ৯৫৬৬৮২৬

ই-মেইলঃ [aktar.dr@supremecourt.gov.bd](mailto:aktar.dr@supremecourt.gov.bd)

কার্যার্থে ও জ্ঞাতার্থে (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ (ঢাকা, ময়মনসিংহ, রংপুর, বগুড়া, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, পটুয়াখালী, যশোর, ফরিদপুর, খুলনা, কুষ্টিয়া, গাজীপুর, নওগাঁ, সিলেট, সুনামগঞ্জ, চাঁদপুর, নরসিংডী, ঝিনাইদহ, মানিকগঞ্জ, মৌলভীবাজার, ব্রান্�শনবাড়িয়া, মাদারীপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও ও গাইবান্ধা)
- ৩। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট (ঢাকা, ময়মনসিংহ, রংপুর, বগুড়া, কুমিল্লা, রাজশাহী, বরিশাল, চট্টগ্রাম, পটুয়াখালী, যশোর, ফরিদপুর, খুলনা, কুষ্টিয়া, গাজীপুর, নওগাঁ, সিলেট, সুনামগঞ্জ, চাঁদপুর, নরসিংডী, ঝিনাইদহ, মানিকগঞ্জ, মৌলভীবাজার, ব্রান্শনবাড়িয়া, মাদারীপুর, গোপালগঞ্জ, সিরাজগঞ্জ, ঠাকুরগাঁও ও গাইবান্ধা)
- ৪। জনাব প্রমিতা সেনগুপ্ত, প্রোগ্রাম প্রধান, রূল অফ ল (RoL), GIZ.
- ৫। মাননীয় প্রধান বিচারপতির সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা।
- ৬। মাননীয় প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা। [সংরক্ষনের জন্য]
- ৭। গবেষণা ও তথ্য কর্মকর্তা, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আপীল বিভাগ, ঢাকা।
- ৮। বিজ্ঞ রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ১০। অফিস কপি।

  
(মোঃ মিজানুর রহমান)  
সহকারী রেজিস্ট্রার (বিচার)